

ফেলোশিপের চেক প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বিজ্ঞানমনস্কতা সৃষ্টির যথাযথ উদ্যোগ নিন

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জ্ঞান-বিজ্ঞান চর্চা ও অনুপ্রাণিত্বের মাধ্যমে জনসাধারণের মধ্যে বিজ্ঞানমনস্কতা ও সচেতনতা সৃষ্টির জন্য সংশ্লিষ্ট সবাইকে যথাযথ উদ্যোগ গ্রহণের আহ্বান জানিয়েছেন।

তিনি বলেন, 'বিজ্ঞান ও প্রযুক্তির নুষ্ঠান সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে হবে। দিনদিনের তরুণ নিতানতুন লাগসই প্রযুক্তি উদ্ভাবন করতে হবে। বিজ্ঞান ও প্রযুক্তির মাধ্যমে আমাদের বিপুল জনশক্তিকে দক্ষ মানবসম্পদে রূপান্তরিত করতে পারলেই আমরা উন্নয়নের অসীম লক্ষ্যে পৌঁছাতে পারবো।

প্রধানমন্ত্রী গতকাল এসময়ী স্থিতি মিলনায়তনে বিজ্ঞান ও প্রযুক্তি গবেষণা প্রকল্পে বিশেষ অনুদান, ছাত্রছাত্রী ও গবেষকদের মধ্যে বসবস্তু ফেলোশিপ এবং এনএসটি ফেলোশিপের চেক প্রদান অনুষ্ঠানে এ আহ্বান জানান।

বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী ইয়াফেস ওসমানের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মন্ত্রণালয়ের সচিব আমিন হোসেন। অনুষ্ঠানে ৭ জনকে বসবস্তু ফেলোশিপ ও ন্যাশনাল সার্ভিস টেকনোলজি চেক এবং তিনজনকে গবেষণা অনুদানের চেক প্রদান করা হয়।

প্রধানমন্ত্রী ফেলোশিপ এবং বিজ্ঞান ও প্রযুক্তি গবেষণায় অনুদান এবং বসবস্তু ফেলোশিপের জন্য নির্বাচিত ফেলো ও বিজ্ঞানীগণকে আন্তরিক অভিনন্দন জানিয়ে বলেন,

অগ্রসরমান অর্থনীতির দেশ হিসেবে বাংলাদেশ বিজ্ঞান-প্রযুক্তিতে পিছিয়ে পাকতে পারে না। বিজ্ঞান ও প্রযুক্তি আগামী দিনে দেশের আর্থ-সামাজিক অবস্থার বৈশ্বিক পরিবর্তন সাধন করবে বলে তিনি তার বিশ্বাসের কথা উল্লেখ করেন।

তিনি বলেন, প্রযুক্তিনির্ভর, জ্ঞানভিত্তিক, দারিদ্র্যমুক্ত, মধ্যম আয়ের বাংলাদেশ গড়ার উদ্দেশ্যে সামনে রেখে আমাদের জাতির পিতা, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের যুগের সোনার বাংলা বাস্তবায়নে আমরা দৃঢ় প্রতিজ্ঞ।

প্রধানমন্ত্রী বলেন, গবেষণা দেশের জন্য এক নতুন দুয়ার খুলে দিতে পারে। তিনি বলেন, তার সরকার গবেষকদের মধ্যে ঘরা সুনির্দিষ্ট গবেষণায় নিয়োজিত, তাদের বয়সসীমা খিঁচিল কটার চিন্তা-জাভনা করছে।

তিনি বলেন, আমরা চাই, বয়স যাতে গবেষকদের জন্য কোন বাধা হতে না পারে। তবে আমরা এটা গণহারে করতে চাই না। যারা সুনির্দিষ্ট গবেষণায় নিয়োজিত আছেন- তাদের জন্য আমরা বিশেষ ব্যবস্থা করতে চাই।

শেখ হাসিনা বলেন, বিজ্ঞানমনস্ক জাতি গঠনের বিষয়টি বিবেচনায় রেখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বরণে ৮৬ কোটি টাকা ব্যয়ে বসবস্তু ফেলোশিপ আন নায়েস অ্যান্ড আইনিটি প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। জাতীয় পর্যায়ের দক্ষ ও বিশেষ বিজ্ঞান : পৃষ্ঠা : ২ ক : ৭

বিজ্ঞান : মনস্কতা

(১৬ পৃষ্ঠার পর)

যোগ্যতাসম্পন্ন বিজ্ঞানী, প্রযুক্তিবিদ ও গবেষক তৈরিই এ প্রকল্পের উদ্দেশ্য। প্রধানমন্ত্রী বলেন, ফেলোশিপের পাশাপাশি বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে গবেষণা ও উন্নয়ন কার্যে উৎসাহ ও অনুপ্রাণণ প্রদানের লক্ষ্যে গবেষণা প্রকল্প বাস্তবায়নের জন্য বিজ্ঞানী ও গবেষকদের মধ্যে গবেষণা অনুদান প্রদান করা হচ্ছে। গত ২০০৯-১০ অর্থবছর থেকে ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত ৭৮৪টি প্রকল্পের অধীনে ৩৭ কোটি ১৪ লাখ ৩০ হাজার টাকা গবেষণা অনুদান প্রদান করা হয়েছে। বর্তমান ২০১৩-১৪ অর্থবছরে ৩৩১টি প্রকল্পের অধীনে ১২ কোটি ১৬ লাখ টাকা বরাদ্দ করা হয়েছে।